

হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ বেলায়াত, আওলিয়া ও ইলম বিষয়ক রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২৮. রাতের কিছু সময় ইলম চর্চা সারা রাত ইবাদতের চেয়ে উত্তম

একজন লেখক বলেন: "বোখারী শরীফের আরও একটি হাদীসে আছে:

تَدَارُسُ الْعِلْمِ سَاعَةً مِنَ اللَّيْلِ خَيْرٌ مِنْ إِحْيَائِهَا

অর্থাৎ: হযরত (দ:) বলিয়াছেন, রাত্রির এক ঘন্টা পরিমাণ (দ্বীনী) ইলেম শিক্ষা করা সমস্ত রাত্রি জাগরিত থাকিয়া ইবাদত করার চেয়েও ভাল।"

এ কথাটি সহীহ বুখারী তো দূরের কথা অন্য কোনো হাদীস গ্রন্থেই রাসূলুল্লাহর ্ষ্টুভ্রু বাণী হিসাবে সংকলিত হয় নি। সুনান দারিমীতে অত্যন্ত দুর্বল সনদে ইবনু আববাসের (রা) বাণী হিসাবে কথাটি সংকলিত। রাসূলুল্লাহ ্ষ্টুভ্রে- এর নামে এ অর্থে যা কিছু বলা হয়েছে সবই জাল ও বানোয়াট।

ফুটনোট

- [1] মো. গোলাম রহমান, মকছুদোল মো'মেনীন, পৃ. ২৫।
- [2] দারিমী, আব্দুল্লাহ ইবনু আব্দুর রাহমান (২৫৫ হি), আস-সুনান ১/৯৪, ১৫৭; সিদ্দীক হাসান কান্নূজী (১৩০৭ হি), আবজাদুল উলূম ১/৯৭; ইবনু আর্রাক, তান্যীহ ১/২৭৮।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4889

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন